# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 21.07.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) বাংলাদেশে পাঠরত রাজ্যের পড়ুয়াদের খোঁজ খবর নিতে রাজ্য সরকার, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সঙ্গে যোগাযোগ রাখছে।

#ইতোমধ্যেই প্রায় এক হাজার ভারতীয় পড়ুয়া দেশে ফিরেছেন।

২) তৃনমূল কংগ্রেসের শহীদ সমাবেশ উপলক্ষ্যে আজ সকাল থেকেই কলকাতার রাস্তায় মানুষের ভিড়। নিয়ন্ত্রণ করা হচ্ছে যান চলাচল।

৩) বিজেপি বলেছে, তৃনমূল কংগ্রেস এই শহীদ দিবসের গুরুত্ব নষ্ট করেছে। এরাজ্যে গনতান্ত্রিক পরিবেশ বিপন্ন।

৪) ভিন রাজ্যে আলু রপ্তানিতে বাধা ও পুলিশি হয়রানির প্রতিবাদে রাজ্যজুড়ে আগামীকাল থেকে অনির্দিষ্টকালীন কর্মবিরতি চলবে বলে জানিয়েছে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি।

৫) নিম্নচাপ ও ঘূর্নাবর্তের জেরে চলতি সপ্তাহে উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাস।

৬) আজ গুরু পূর্ণিমা। এই দিনে ভক্তরা, ভগবান বিষ্ণু ও বেদব্যাসের পুজো করে থাকেন।

---

সংরক্ষন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠায় সেখানে থাকা রাজ্যের পড়ুয়াদের অবস্থা নিয়ে খোঁজখবর নিতে রাজ্য সরকার কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সঙ্গে যোগাযোগ রাখছে। গতকাল নবান্নের তরফে দিল্লিতে রাজ্যের রেসিডেন্সিয়াল কমিশনারকে ফোন করে সেখানে থাকা রাজ্যের ছাত্র ছাত্রীরা কি অবস্থায় রয়েছে তা নিয়ে মন্ত্রকের সঙ্গে নিয়মিত সমন্বয় রেখে চলার কথা বলা হয়েছে বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। প্রয়োজনে আটকে থাকা ছাত্র ছাত্রীদের নিরাপদে রাজ্যে ফিরিয়ে আনতে সব ধরনের ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে।

----------------------

এদিকে, বাংলাদেশে সংরক্ষণ বিরোধী আন্দোলন চরম হিংসাত্মক রূপ নেওয়ার পর প্রায় এক হাজার ভারতীয় পড়ুয়া দেশে ফিরে এসেছেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে, ৭৭৮ জন ভারতীয় ছাত্রছাত্রী বিভিন্ন স্থলবন্দর দিয়ে এবং প্রায় ২০০ ছাত্রছাত্রী ঢাকা ও চট্টগ্রাম থেকে বিমান যোগে দেশে ফিরেছেন। ঢাকায় ভারতীয় হাই কমিশন এবং চট্টগ্রাম, রাজশাহী, সিলেট ও খুলনার সহকারী হাইকমিশন পড়ুয়াদের দেশে ফেরাতে সাহায্য করছে।

এরাজ্যে কোচবিহার জেলার চ্যাংড়াবাঁধা আন্তর্জাতিক সীমান্ত পথে বাংলাদেশে পাঠরত ভারত, নেপাল, ভুটান ও মালদ্বীপের ছাত্রছাত্রীরা বাড়ি ফিরতে শুরু করেছেন। গতকাল ৩৩ জন ছাত্রছাত্রী ঐ সীমান্ত পথে ভারতে প্রবেশ করেন। তারা সকলেই রংপুর মেডিকেল কলেজে পাঠরত। নেপাল, ভুটান ও মালদ্বীপে ১৩ জন পড়ুয়া আজ ভারতে এসেছে। এরা ময়মনসিং মেডিকেল কলেজের ছাত্রছাত্রী।

নদীয়ার গেদে সীমান্ত দিয়ে দেশে ফিরেছেন ৩৫০ জন। এদের মধ্যে ১৩৯ জন ছাত্রছাত্রী।

অন্যদিকে, বাণিজ্য বন্ধ হয়ে যাওয়ায় সমস্যায় পড়েছেন ব্যবসায়ীরা। চ্যাংড়াবাধা সীমান্তে সার দিয়ে দাঁড়িয়ে ভুটান ও ভারতের ট্রাক। মূলত এই পথেই পাথর রপ্তানি করা হয়। দীর্ঘদিন এই অচলাবস্থা চললে ব্যবসায়ীরা চরম সমস্যার মুখে পড়বেন বলে জানিয়েছেন। তারা দ্রুত সমস্যার সমাধানের আবেদন জানান।

ভারতীয় রেল, দুই দেশের মধ্যে চলাচলকারী মিতালী এক্সপ্রেসের যাত্রা বাতিল করেছে। যাত্রীদের টিকিটের দাম ফেরত দেওয়া হবে বলে রেল সূত্রে জানা গেছে।

----------------------

তৃণমূল কংগ্রেসের শহীদ দিবস সমাবেশ উপলক্ষে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ আজ মধ্য কলকাতায় আসতে শুরু করেছেন। ভোর থেকেই হাওড়া, শিয়ালদা ও কলকাতা স্টেশনে চোখে পড়ার মত ভিড় দেখা দিয়েছে। শহরের বিভিন্ন রাজপথ দিয়ে অসংখ্য বাস ও ট্রাকে মানুষ পৌঁছতে শুরু করেছে।

----------------------

এবারের ২১শে জুলাইয়ের সমাবেশ, দেশের অস্তিত্ব রক্ষার সঙ্কল্প গ্রহণের জন্য বলে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। কলকাতার ধর্মতলায় ভিক্টোরিয়া হাউসের সামনে গতকাল সমাবেশের প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখেন তিনি। পরে সাংবাদিকদের মুখ্যমন্ত্রী বলেন,

(বাইট)

সাধারণ মানুষ যাতে সহজেই গন্তব্যে পৌঁছতে পারেন, তার জন্য রেল পরিষেবা স্বাভাবিক রাখতে রেল কর্তৃপক্ষের কাছেও আবেদন জানিয়েছেন তৃণমূল নেত্রী।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভয়েস কাস্ট)

-----------------------

২১ শে জুলাইয়ের মঞ্চ শহীদদের প্রতি প্রকৃত শ্রদ্ধা জ্ঞাপনের মঞ্চ নয় বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় গতকাল সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভার সাংসদ তথা রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন, তৃণমূল কংগ্রেস ২১ শে জুলাইয়ের গুরুত্বকে পুরোপুরি নষ্ট করেছে। যিনি ঐ দিন গুলি চালনায় নেতৃত্ব দিয়েছিলেন, পরবর্তীকালে তিনি তৃণমূল কংগ্রেস সরকারের মন্ত্রী এবং রাজ্যসভার সাংসদও হয়েছেন।

বাইট

রাজ্য সাধারণ মানুষ, ক্ষুদ্র ব্যবসায়ী, গ্রামাঞ্চলে মহিলারা যেভাবে শাসকদলের হাতে আক্রান্ত হচ্ছেন, তাতে প্রশাসনের ওপর মানুষ আস্থা হারিয়ে ফেলেছে। পাশাপাশি রাজ্যে গণতান্ত্রিক পরিবেশও বিপন্ন।

তৃণমূল কংগ্রেসের এই সভা আসলে বাৎসরিক আয়োজন বলে কটাক্ষ করেছেন সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী। ২১ শে জুলাইয়ের ঘটনার রিপোর্ট আজও প্রকাশিত হল না কেন, সেই প্রশ্ন তুলেছেন তিনি।

-----------------------

ধর্মতলায় তৃণমূল কংগ্রেসের শহীদ দিবসের জনসভাকে কেন্দ্র করে মেট্রো রেল, নর্থ সাউথ করিডরে যাত্রাপথকে মসৃণ রাখতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে।

অতিরিক্ত যাত্রী ভিড়ের কথা মাথায় রেখে চাদনীচক, পার্কস্ট্রীট, এসপ্ল্যানেড ও ময়দান স্টেশনে ৫৪ জন আরপিএফ আধিকারিককে মোতায়েন করা হয়েছে। বিভিন্ন স্টেশনে অতিরিক্ত টিকিট কাউন্টার খোলার পাশাপাশি সিসিটিভিতে পরিস্থিতির ওপর নজরদারি চালানো হচ্ছে। আজ এই করিডরে উভয় দিকে মোট ১৩০ টি ট্রেন চালানো হচ্ছ।

-----------------------

ধর্মতলায় তৃণমূল কংগ্রেসের শহীদ স্মরণ সমাবেশকে কেন্দ্র করে যানজট এড়াতে কলকাতা পুলিশ আজ সকাল থেকেই শহরের বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করছে। গতকাল লালবাজার থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে ভোর চারটে থেকে রাত নটা পর্যন্ত কলকাতার রামমোহন সরণি , বিধান সরণি, ব্রেবোর্ন রোড, স্ট্র্যান্ড রোড, কলেজ স্ট্রিট, বিবি গাঙ্গুলী স্ট্রীট, বেন্টিঙ্ক স্ট্রিট, রবীন্দ্র সরণীতে নিয়ন্ত্রিত হচ্ছে যান চলাচল। সকাল থেকেই কলকাতা পুলিশের আওতাধীন এলাকায় নিত্য প্রয়োজনীয় পণ্যবাহী যান ছাড়া সবধরনের গাড়ি চলাচল বন্ধ। মধ্য কলকাতার বিভিন্ন জায়গায় গাড়ি পার্কিং-এর উপরেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

-----------------------

প্রদেশ কংগ্রেসের তরফ থেকেও আজ একুশে জুলাই শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। দক্ষিণ কলকাতার হাজরা মোড়ে ইন্দিরা গান্ধী ও রাজীব গান্ধীর মূর্তির সামনে রাত ১২ টার পর থেকেই দলের কর্মী সমর্থক ও নেতৃবৃন্দের উপস্থিতিতে যুব কংগ্রেসের শহীদদের উদ্দেশে শ্রদ্ধা জ্ঞাপন শুরু হয়েছে। ওই দিনের ঘটনায় গঠিত কমিশনের রিপোর্ট, আজও কেন জনসমক্ষে প্রকাশ করা হলো না, এক বিবৃতিতে সে প্রশ্ন তুলেছেন প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায়।

অন্যদিকে, দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকেও আজ শহীদ তর্পণ করা হবে।

-----------------------

ভিন রাজ্যে আলু রপ্তানিতে বাধা এবং পুলিশি হয়রানির প্রতিবাদে কর্মবিরতির ডাক দিয়েছে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি। বাঁকুড়ার জয়পুরের হিমঘর মালিকদের সংগঠনের সঙ্গে বৈঠক করেন সমিতি কর্তারা। তারপরই কর্মবিরতির কথা ঘোষণা করেন তাঁরা। আগামীকাল থেকে রাজ্যজুড়ে অনির্দিষ্টকালের জন্য এই কর্মবিরতি চলবে বলে জানানো হয়েছ। ঐ দিন থেকে পাইকারি বাজারে আলু বিক্রি বন্ধ রাখা হবে বলে সংগঠনের পক্ষ থেকে জানানো হয়।

-----------------------

উত্তর-পশ্চিম এবং পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরের উপর সৃষ্ট নিম্নচাপটি ওড়িশা এবং ছত্তিশগড়ের উপর দিয়ে উত্তর-পশ্চিম দিকে এগোচ্ছে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। এর জেরে দক্ষিণবঙ্গ সহ বিস্তীর্ণ অঞ্চলে নিম্নচাপ এলাকা তৈরি হয়েছে।

অন্যদিকে, পূর্ব বিহার এবং সংলগ্ন উত্তরবঙ্গে একটি ঘূর্ণাবর্ত রয়েছে। সমুদ্রপৃষ্ঠ থেকে দেড় কিলোমিটার উঁচুতে রয়েছে সেই অক্ষরেখা। মৌসুমি অক্ষরেখা এখন পশ্চিমে জয়সলমের, অজমের, দামোহ থেকে পূর্ব-মধ্য বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। এই নিম্নচাপ, ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবেই রাজ্যের উত্তর থেকে দক্ষিণে চলতি সপ্তাহে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তরের কিছু জেলায় ভারী বৃষ্টিও হতে পারে।

পূর্ব মেদিনীপুর, উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনা, নদিয়া, মুর্শিদাবাদে আজ ঝড়বৃষ্টির হলুদ সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এই পাঁচ জেলা ছাড়া কলকাতা-সহ

দক্ষিণের বাকি জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। সঙ্গে বইবে ঝোড়ো হাওয়া। মৎস্যজীবীদের দু-দিন সমুদ্রে যেতে বারণ করা হয়েছে।

----------------------

আজ গুরু পূর্ণিমা। আষাঢ় পূর্ণিমার পুণ্য তিথিতে পালিত এই দিনটিকে ব্যস পূর্ণিমাও বলা হয়ে থাকে। এই দিনে ভগবান বিষ্ণু ও বেদব্যসের পুজো করে থাকেন অনেকে। গুরুর প্রতি শ্রদ্ধা জ্ঞাপনে দিনটি পালিত হয়। গুরু পূর্ণিমা উপলক্ষে বেলুড়মঠে ঠাকুর শ্রীরামকৃষ্ণদেবের বিশেষ পুজো পাঠ অনুষ্ঠিত হচ্ছে। তাঁর জন্ম ভিটে কামারপুকুর, রামকৃষ্ণ মঠ ও মিশনের অন্যান্য শাখা কেন্দ্রেও সকাল থেকে শুরু হয়েছে ভক্তসমাগম। দক্ষিণ কলকাতার মহানির্বাণ মঠ এবং বরানগর মহামিলন মঠেও গুরু পূর্ণিমা উদযাপনের আয়োজন করা হয়েছে।

---------------------- ----------------------